

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ  
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,  
খুমলুঙ , পশ্চিম ত্রিপুরা

খুমলুঙে মুখ্য নির্বাহী সদস্যের পৌরোহিত্বপ্রাণী  
সম্পদ উন্নয়ন দপ্তরের পর্যালোচনা সভা

এডিসি।স-২৮৬

খুমলুঙ, ০৪।১১।১৫ইং

আজ খুমলুঙস্থিত প্রধান প্রশাসনিক ভবনের মিলনায়তনে মুখ্য নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মার পৌরোহিত্বপ্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের গৃহীত কর্মসূচীগুলো নিয়ে পর্যালোচনা সভা হয়। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের নির্বাহী সদস্য শ্রীশান্তনু জমাতিয়া, মুখ্য নির্বাহী আধিকারিক শ্রীঅভিষেক সিং, অতিরিক্ত মুখ্য নির্বাহী আধিকারিক শ্রী এস. এন দেববর্মা, প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের প্রধান আধিকারিক ডা: সঞ্জীব মজুমদার সহ সংশ্লিষ্ট দপ্তরের জোন্যাল পর্যায়ের আধিকারিকগণ। এই সভায় প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের ট্রান্সফার এবং অন্যান্য ফান্ডে গৃহীত কর্মসূচী, বেনিফিসিয়ারী সিলেকশন, পশু চিকিৎসা, ভ্যাকসিনেশন এবং কৃত্রিম গো-প্রজনন, ব্লক লেভেলেক্সডার হাউস, শিলাছড়ি, তুলাশিখর এবং করমছড়ায় পশু চিকিৎসা কেন্দ্র নির্মাণ, এডিসি পরিচালিত পশু খামার ইত্যাদি বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করা হয়।

সভাপতির ভাষণে মুখ্য নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা গ্রামীণ এলাকার সাধারণ মানুষের জন্য গৃহীত কর্মসূচীগুলো রূপায়নে যত্নবান হতে সংশ্লিষ্ট দপ্তরের কর্মীদের নির্দেশ দেন। যতগুলো প্রকল্প রয়েছে তা দ্রুত রূপায়নে নরওপর তিনি গুরুত্বারোপ করেন। এক্ষেত্রে এলাকার নির্বাচিত জনপ্রতিনিধিদের সামিল করার জন্য তিনি পরামর্শ দেন। এই দপ্তরের কর্মসূচী রূপায়নে নির্দিষ্ট সময় লাগেনা। প্রাণী পালন ও পরিচর্যার মাধ্যমে অর্থস্বাবলম্বী করে তালারলক্ষ্যে পূরণে সকলেই সহযোগিতা করবেন বলে শ্রীদেববর্মা আশা বাদী।



এই সভায় প্রাণী সম্পদ ও উন্নয়ন দপ্তরের নির্বাহী সদস্য শ্রীশান্তনু জমাতিয়া দুধ উৎপাদন বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে বলেন গ্রামীণ এলাকার সাধারণ মানুষকে বিজ্ঞান সন্মতভাবে পশু পালন ও পরিচর্যায় সচেতন করতে হবে। পরিকল্পনার কর্মসূচী রূপায়ন এবং আগামী দিনের পরিকল্পনা সম্পর্কে প্রত্যেক মানুষের কাছে নিয়ে যেনেত্রীজমাতিয়া দপ্তরের কর্মীদের নির্দেশ দেন।

এছাড়া এই সভায় মুখ্য নির্বাহী আধিকারিক শ্রীঅভিষেক সিং আগামী ডিসেম্বর মাসের মধ্যেই গৃহীত কর্মসূচীগুলো দ্রুত রূপায়ন করার জন্য দপ্তরের কর্মীদের নির্দেশ দেন। সভায় জানানো হয় এডিসির প্রাণী সম্পদ দপ্তরের উদ্যোগেএম. জি. এন রেগায় ১২ কোটি ৩০ লক্ষ ১১ হাজার টাকার প্রকল্প জমা দেওয়া হয়েছিল। এর মধ্যে এই প্রকল্পে ৬ কোটি ৮৯ লক্ষ ৬৯ হাজার টাকা এই দপ্তর অনুমোদন পেয়েছে ইতিমধ্যেই এই অনুমোদিত টাকার মধ্যে ৪০ লক্ষ ৯৯ হাজার টাকা খরচ হয়েছেবলে সভায় জানানো হয়। গৃহীত কর্মসূচী দ্রুত রূপায়ন হচ্ছে বলে সভায় জানানো হয়।